বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

উন্নত পল্লী উন্নত দেশ
বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ

# অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতি : আবদুর রশিদ
পরিচালক (প্রশাসন) ও মহাপরিচালক (রুটিন দায়িত্ব)।
তারিখ : ২৬/১২/২০২২ খ্রি.।
সময় : বেলা ১২:০০ টা।
সভার স্থান : বিআরডিবি'র সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট ক সদয় দ্রষ্টব্য ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সরকারি কাজে স্বচ্ছতা আনয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন । সরকারি কাজে প্রজাতন্ত্রের কর্মচারীদের জনসেবামুখী করার জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে। বিআরডিবি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনার আলোকে গৃহীত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে প্রতিপালন করার জন্য এই সভা আয়োজন।

অতপর সভাপতি বিআরডিবি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কাঠামোর ফোকাল পয়েন্ট ও উপপরিচালক, (জনসংযোগ ও সমন্বয়) কে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার অনুরোধ করেন। উপপরিচালক, (জনসংযোগ ও সমন্বয়) গৃহিত কর্মপরিকল্পনা পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

উপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার আলোকে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার কর্মপরিকল্পনায় বিভিন্ন কার্য সম্পাদনের সময়-সীমা নির্ধারিত। কর্মপরিকল্পনায় উল্লিখিত সময়সীমার মধ্যে গৃহীত কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করেন। তিনি কর্মপরিকল্পনা অনুযায়ী সভায় উপস্থিত সকলকে আলোচনায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করেন। সভায় বিআরডিবি'র পরিচালকগণ, উপরিচালকগণ, সাংবাদিক/ সমবায় সমিতির প্রতিনিধি, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের প্রতিনিধি/আইনজীবীসহ অংশীজনরা মতামত প্রদান করেন।

সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১) উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় জানান যে, শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য বিআরডিবি নৈতিকতা কমিটির সভা নিয়মিত আয়োজন করা হয়। সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। সভায় পরিচালক (সরেজমিন) বলেন নৈতিকতা কমিটির সভায় নৈতিক মূল্যবোধ, জবাবদিহিতা, স্বচ্ছাতা ও নিরপেক্ষতার উন্নয়ন ঘটে এমন বিষয়াবলী অন্তর্ভূক্ত করা যেতে পারে। তিনি আরও বলেন যে, পেনশন নিষ্পত্তির আবেদন, বদলির আদেশ, বিভিন্ন সভা সেমিনার এর নোটিশ ইত্যাদি ই-নথির মাধ্যমে সম্পাদন করা গেলে অফিস সময় বাঁচবে এবং কর্মকর্তা/কর্মচারিগণ জনসেবায় বেশি সময় দিতে পারবে। সভায় পরিচালক (পরিকল্পনা) বলেন যে, সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার জন্য জাতীয় জীবনের সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োজন। সকলেকে নিষ্ঠা ও সততার সহিত প্রাতিষ্ঠানিক দায়িত্ব পালনের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

২) সভায় জানানো হয় যে, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ বিআরডিবি'র প্রশিক্ষণ বিভাগ আয়োজন করে। এ বিষয়ে সভায় পরিচালক (প্রশিক্ষণ) বলেন শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা হিসেবে নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে এছাড়া ৬০ঘণ্টা প্রশিক্ষনের নৈতিকতা সম্পর্কে সেশন পরিচালনা করা হচ্ছে। মহাপরিচালক সভায় বলেন শুদ্ধাচার সংশ্লিষ্ট প্রশিক্ষণগুলো যথাযথভাবে আয়োজন করতে হবে।

৩) সভায় উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) জানান যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১.৬ অনুসারে মাঠ কার্যালয়ের প্রতিবেদনের আলোকে ফিডব্যাক সভা নিয়মিত আয়োজন করা হচ্ছে। এ বিষয়ে বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন এর নির্বাহী সচিব জনাব খোন্দকার সাইদুর রহমান বলেন যে, মাঠ কার্যালয়ের প্রতিবেদন যথাযথভাবে মূল্যায়ন করা যেতে পারে যাতে করে মাঠ পর্যায়ে সুশাসন ও প্রাতিষ্ঠানিক নৈতিকতা প্রতিষ্ঠিত হয়। সভাপতি বলেন মাঠ কার্যালয়ের প্রতিবেদন যথাসময়ে সদর কার্যালয়ে প্রেরণ ও প্রতিবেদন যাচাই-বাছাই করে মন্তব্য প্রেরণ করা যেতে পারে।

৪) সভায় জানানো হয় কর্মপরিকল্পনার ১.৫ অনুচ্ছেদে কর্ম পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত) অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াস রুমের ব্যবস্থাকরণ সূচক অনুসারে পিপিআর অনুসরণে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তি করা হবে। বিআরডিবিতে মহিলাদের জন্য পল্লী ভবনের ৩য় তলায় মহিলাদের জন্য পৃথক ওয়াসরুমের ব্যবস্থা করার জন্য সাধারণ পরিচর্যা শাখা প্রয়োজনীয় পদক্ষেপে নিবে এবং ওয়াস রুমগুলোতে বড় অক্ষরে মহিলাদের জন্য সংরক্ষিত ওয়াসরুম লেখা হয়েছে। মহাপরিচালক বলেন মহিলাদের জন্য নির্ধারিত ওয়াস রুমগুলোতে পর্যাপ্ত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর ব্যবস্থা করতে হবে। এছাড়া উপপরিচালক (ঋণ) পল্লী ভবনের ৪র্থ তলার ওয়াসরুমগুলো সংস্কার করার জন্য অনুরোধ করেন।

৫) আলোচনায় কর্মপরিকল্পনা ২.১ হতে ২.৫ অনুযায়ী সভায় জানান হয় যে, ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব বাজেট ব্যয় ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সভায় পরিচালক (অর্থ) বলেন রাজস্ব বাজেট ব্যয় ও উন্নয়ন প্রকল্পের ব্যয়ের ক্ষেত্রে যেসকল অর্থনৈতিক কোডের উপর সরকার কর্তৃক ব্যয় সংকোচন নীতি গ্রহণ করছে সেসকল কোডে অর্থ ব্যয়ের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে এবং ছাড়কৃত অর্থে যথাযথভাবে ব্যয় করতে হবে।

৬) সভায় জানানো হয় যে, এডিপিভূক্ত প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা লক্ষমাত্রায় নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত আয়োজন করা হচ্ছে। ১ম ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে। সভায় প্রকল্প পরিচালকগণ জানান যে, ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুসারে ইতোমধ্যে ০৩ টি প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় মহাপরিচালক বলেন যে, লক্ষ্যমাত্রা অনুসারে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

৭) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন/কম্পিউটার/আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর বিষয়ে জানান হয় যে, বিআরডিবি একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, তাই বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন ও প্রকল্পের ডিপিপি অনুসারে বিআরডিবি'র সমাপ্ত প্রকল্পের যানবাহন ও সম্পদ বিআরডিবি'র সম্পদ হিসেবে গণ্য হবে।

৮) সভায় উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) জানান যে, দুর্নীতি প্রতিরোধকল্পে ঋণ কার্যক্রমের অনলাইন রির্পোটিং যশোর জেলার ইরেসপোভুক্ত উপজেলা ও এসএমই ঋণ কার্যক্রমে অনলাইন রির্পোটিং সিস্টেম চলমান রয়েছে। ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত জেলা হতে প্রতিবেদন সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।

৯) সভায় উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) জানান যে, কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচি (পুনবিনিয়োগ) বিষয়ক লক্ষ্যমাত্রা অনুসারে বৃহত্তর ফরিদপুর জেলার পিইপিভূক্ত উপজেলা হতে সদস্যদের প্রোফাইল ও জরীপ প্রতিবেদন, সরেজমিন যাচাই প্রতিবেদন, মাঠসংগঠক, হিসাবরক্ষক, এআরডিও, ইউআরডিও, উদ্যোক্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তি এবং বিআরডিবি'র অংশীজনদের সমন্বয়ে আয়োজিত সভার কার্যবিবরণী সংগ্রহ করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে মহাপরিচালক বলেন যেহেতু এসএমই ঋণ পিইপি প্রকল্পের মাধ্যমে পুন:বিনিয়োগ হচ্ছে সেহেতু ঋণ বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে পিইপিভূক্ত এলাকায় তদারকি ব্যবস্থা জোরদার করা যেতে পারে।

১০) ডিজিটাল হাজিরা মনিটরিং এর মাধ্যমে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণ : মহাপরিচালক মহোদয় বলেন সময়মত অফিসে আগমন করতে হবে। প্রয়োজনে বাইরে গেলে সহকর্মীদের অবগত করতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের ছুটিতে যাবার কারণ ও তথ্য যথাযথভাবে অবহিত করতে হবে।

এছাড়া সভায় সুশীল সমাজের প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে জানান শুদ্ধাচার কৌশল সরকারের সকল দপ্তরে বাস্তবায়নের ফলে সরকারি সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছানোর ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছে। বিআরডিবি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সরকারের অন্যান্য প্রতিষ্ঠান থেকে এগিয়ে আছে। ফলে সরকারী সেবা প্রাপ্তি নিয়ে জনগণের প্রত্যাশা পূরণ হচ্ছে বলে তিনি অভিমত ব্যাক্ত করেন।

সিদ্ধান্ত:

১) নৈতিকতা কমিটির সভায় নৈতিক মূল্যবোধ, জবাবদিহিতা, স্বচ্ছাতা ও নিরপেক্ষতার উন্নয়ন ঘটে এমন বিষয়াবলী অন্তর্ভূক্ত করতে হবে। বদলির আদেশ, বিভিন্ন সভা সেমিনার এর নোটিশ ইত্যাদি ই-নথির মাধ্যমে সম্পাদন করতে হবে। সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার জন্য সকলেকে নিষ্ঠা ও সততার সহিত প্রাতিষ্ঠানিক দায়িত্ব করতে হবে।

২) শুদ্ধাচার সংশ্লিষ্ট প্রশিক্ষণগুলো যথাযথভাবে আয়োজন করতে হবে।

৩) মাঠ পর্যায়ে সুশাসন ও প্রাতিষ্ঠানিক নৈতিকতা প্রতিষ্ঠিত করার জন্য মাঠ কার্যালয়ের প্রতিবেদন যথাযথভাবে মূল্যায়ন করতে হবে। মাঠ কার্যালয়ের প্রতিবেদন যথাসময়ে সদর কার্যালয়ে প্রেরণ ও প্রতিবেদন যাচাই-বাছাই করে মন্তব্য প্রেরণ করতে হবে।

৪) পল্লী ভবনের ৩য় তলায় মহিলাদের জন্য পৃথক ওয়াসরুমের ব্যবস্থা করার ক্ষেত্রে একটি গ্লাসের পার্টিশন দিয়ে পৃথক করার জন্য সাধারণ পরিচর্যা শাখা প্রয়োজনীয় পদক্ষেপে নিবে। মহিলাদের জন্য নির্ধারিত ওয়াস রুমগুলোতে পর্যাপ্ত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর ব্যবস্থা করতে হবে। পল্লী ভবনের ৪র্থ তলার ওয়াসরুমগুলো সংস্কার করা যেতে পারে।

৫) রাজস্ব বাজেট ব্যয় ও উন্নয়ন প্রকল্পের ব্যয়ের ক্ষেত্রে যেসকল অর্থনৈতিক কোডের উপর সরকার কর্তৃক ব্যয় সংকোচন নীতি গ্রহণ করে প্রজ্ঞাপন জারি করেছে সেসকল কোডে অর্থ ব্যয়ের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে এবং ছাড়কৃত অর্থে যথাযথভাবে ব্যয় করতে হবে।

৬) এডিপিভূক্ত প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা লক্ষ্যমাত্রা অনুসারে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

৭) পিইপি প্রকল্পের মাধ্যমে এসএমই ঋণ পুন:বিনিয়োগে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে তদারকি ব্যবস্থা জোরদার করতে হবে।

৮) সময়মত অফিসে আগমন করতে হবে। প্রয়োজনে বাইরে গেলে সহকর্মীদের অবগত করতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের ছুটিতে যাবার কারণ ও তথ্য যথাযথভাবে অবহিত করতে হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৫/১২/২২

আবদুর রশিদ
পরিচালক (প্রশাসন)
ও
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.০৬.০০৩.২২. ৫৪৬৮ — তারিখ : ২৬/১২/২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপপরিচালক, (সকল জেলা).................................................................জেলা, বিআরডিবি।
২। উপপরিচালক,..........................................................................................বিআরডিবি, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪। জনাব/বেগম...............................................................................................
৫। সংশ্লিষ্ট নথি।

২৬/১২/২০২২

মোঃ নুরুজ্জামান
উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)